



নোবিপ্রবি/রেজি/প্রশা/২০২২/ ৬৪৬০

১৪ আগস্ট ২০২২

অফিস আদেশ

২৬ জুলাই ২০২২ অনুষ্ঠিত অর্থ কমিটির ৪৭তম সভার সুপারিশ ও ২ আগস্ট ২০২২ রিজেন্ট বোর্ডের ৫৫তম সভার সিদ্ধান্ত অনুযায়ী নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তাদের দেশ/বিদেশে সেমিনার/সিম্পোজিয়াম/কনফারেন্স/ওয়ার্কশপ যোগদানের জন্য আর্থিক অনুদান সংক্রান্ত সংশোধিত নীতিমালা:

১. দেশে বিদেশে কোন সেমিনার/সিম্পোজিয়াম/কনফারেন্স/ওয়ার্কশপে যোগদানকারীকে অনুষ্ঠানে প্রবন্ধ উপস্থাপন (paper presentation- Oral or poster) করতে হবে এবং সেই প্রবন্ধের (paper) এক কপি ও আমন্ত্রণপত্র আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট পেশ করতে হবে।
২. (Observer) হিসেবে যোগদানকারীকে বিশ্ববিদ্যালয় হতে অনুদান প্রদান করা হবে না।
৩. সেমিনার/সিম্পোজিয়াম/কনফারেন্স/ওয়ার্কশপের আয়োজক দেশ যদি অংশগ্রহণকারীকে যাতায়াত ও থাকা খাওয়ার ব্যবস্থা করে তাহলে আবেদনকারীকে বিশ্ববিদ্যালয় হতে অনুদান প্রদান করা হবে না।
৪. বিশ্বের বিভিন্ন দেশে সেমিনার/সিম্পোজিয়াম/কনফারেন্স/ওয়ার্কশপ যোগদানের জন্য বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে নিম্নোক্ত হারে আর্থিক অনুদান প্রদান করা হবে।

ক. সার্কভুক্ত দেশ সর্বোচ্চ ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা।

খ. দক্ষিণ পূর্ব এশিয়ার বিভিন্ন দেশ (থাইল্যান্ড, মালয়েশিয়া, ভিয়েতনাম, সিঙ্গাপুর ইত্যাদি) সর্বোচ্চ ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা।

গ. দূরপ্রাচ্য (জাপান, কোরিয়া ইত্যাদি) ও মধ্যপ্রাচ্য সর্বোচ্চ ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা।

ঘ. আফ্রিকা, ইউরোপ, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড সর্বোচ্চ ১,৫০,০০০.০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা।

ঙ. উত্তর আমেরিকা ও দক্ষিণ আমেরিকার দেশসমূহ সর্বোচ্চ ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা।

চ. একজন গবেষক দেশে এক অর্থবছরে সর্বোচ্চ ২ (দুই) টির জন্য রেজিস্ট্রেশন ফি ও টিএ/ডিএ পাবেন এবং দেশের বাহিরে এক অর্থবছরে সর্বোচ্চ ০১ (এক) বার ক-ঙ শ্রেণী অনুযায়ী অনুদান প্রাপ্ত হবেন।

৫. দেশের বাহিরে সেমিনার/কনফারেন্স যোগদানের ক্ষেত্রে নোবিপ্রবির ল্যাবে গবেষণালব্ধ ফলাফল সেমিনার/কনফারেন্সে উপস্থাপন করতে হবে। তবে কেউ জয়েন্ট প্রজেক্টে কাজ করলে তা অন্য প্রতিষ্ঠানের ল্যাবে হলেও গ্রহণযোগ্য হবে। সেক্ষেত্রে কর্তৃপক্ষের পূর্বানুমোদন নিতে হবে এবং আবেদনের সাথে সকল তথ্য উপস্থাপন করতে হবে।

ড. মুহাম্মদ আলমগীর সরকার
ডেপুটি রেজিস্ট্রার
প্রশাসন শাখা, রেজিস্ট্রার দফতর

প্রাপক: পরিচালক, হিসাব (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।

নোবিপ্রবি/রেজি/প্রশা/২০২২/ ৬৪৬০ (০৫)

১৪ আগস্ট ২০২২

অনুলিপি:

- ১। ডেপুটি রেজিস্ট্রার, কাউন্সিল শাখা, রেজিস্ট্রার দপ্তর, নোবিপ্রবি।
- ২। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
- ৩। সেকশন অফিসার, উপ-উপাচার্য মহোদয়ের দপ্তর, নোবিপ্রবি।
- ৪। কোষাধ্যক্ষ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নোবিপ্রবি।
- ৫। রেজিস্ট্রার মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নোবিপ্রবি।
- ৬। নথি।
- ৭। মহানথি।

ইসিআইসি
প্রশাসন শাখা, রেজিস্ট্রার দফতর



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী-৩৮১৪

Noakhali Science and Technology University : NSTU

Phone : 880-02334496522
Fax : 880-02334496523
Mobile : 880-01720197824
E-mail : registrar@office.nstu.edu.bd
Website : www.nstu.edu.bd

রেজিস্ট্রার অফিস
প্রশাসন শাখা



নোবিপ্রবি/রেজি/প্রশা/২০২৩/৬৩২০ (৪৫)

১৫ ফেব্রুয়ারি ২০২৩

অফিস আদেশ

৪ ডিসেম্বর ২০২২ অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের সুপারিশ ও ২৮ জানুয়ারি ২০২৩ অনুষ্ঠিত রিজেন্ট বোর্ডের ৫৬ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তাদের দেশ/বিদেশে সেমিনার/ সিম্পোজিয়াম ও কনফারেন্সে যোগদানের জন্য অর্থ কমিটির ৪৭তম সভার সুপারিশ ও রিজেন্ট বোর্ডের ৫৫তম সভার সিদ্ধান্তের আলোকে গত ১৪ আগস্ট ২০২২, নোবিপ্রবি/রেজি/প্রশা/২০২২/৬৪৮১ নম্বর আয়ত্রে ইস্যুকৃত আর্থিক অনুদান সংক্রান্ত নীতিমালায় নিম্নোক্ত বিষয়টি অন্তর্ভুক্ত হবে:

১। Presenter হিসেবে শুধুমাত্র First Author, অথবা Corresponding Author ই সেমিনার/সিম্পোজিয়াম/কনফারেন্সে অংশগ্রহণ শেষে প্রমানক জমাদান সাপেক্ষে আর্থিক অনুদান প্রাপ্য হবেন।

২। নোবিপ্রবির ফাণ্ডে পরিচালিত এবং পূর্বানুমতি প্রাপ্ত যৌথ গবেষণা প্রকল্পের ফলাফলের বিষয়টি বিভাগীয় চেয়ারম্যান নিশ্চয়ন করবেন।

৩। অনুদান প্রদানের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

 15-2-2023

ড. মুহাম্মদ আলমগীর সরকার
ডেপুটি রেজিস্ট্রার
প্রশাসন শাখা, রেজিস্ট্রার দফতর

বিতরণ: ১। ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ।

২। বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ।

৩। দপ্তর প্রধানবৃন্দ।

নোবিপ্রবি/রেজি/প্রশা/২০২৩/৬৩২০ (০৩)

১৫ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি :


১। ডেপুটি রেজিস্ট্রার, কাউন্সিল শাখা, রেজিস্ট্রার দপ্তর, নোবিপ্রবি।


২। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।

৩। উপ-উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।

৪। নথি।

৫। মহানথি।

 15/2/23

 15/2/23

ইসতিয়াক মোহাম্মদ ফয়সল
সহকারী রেজিস্ট্রার
প্রশাসন শাখা, রেজিস্ট্রার দপ্তর